# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ২৭. ২. দাউদের মহানত্ব ও ঈশ্বরের প্রজাদের চির নিরাপদ বাসস্থান

ঈশ্বর দাউদকে দু'টা প্রতিশ্রুতি প্রদান করেন: তিনি পৃথিবীর মহাপুরুষদের নামের মত তার নাম মহান করবেন এবং তিনি বনি-ইসরাইলের জন্য একটা নিরাপদ দেশ প্রদান করবেন: ‘‘আর আমি পৃথিবীস্থ মহাপুরুষদের নামের মত তোমার নাম মহৎ করিব। আর আমি আপন প্রজা ইস্রায়েলের জন্য একটা স্থান নিরূপণ করিব ও তাহাদিগকে রোপণ করিব; যেন আপনাদের সেই স্থানে তাহারা বাস করে, এবং আর বিচলিত না হয়। দুষ্ট লোকেরা তাহাদিগকে আর দুঃখ দিবে না, যেমন পূর্বে দিত... আর আমি যাবতীয় শত্রু হইতে তোমাকে বিশ্রাম করাইব।’’ (২ শমূয়েল ৭/৯-১০)

বাইবেলীয় পরিম-লের বাইরে পৃথিবীর রাজনৈতিক ও সামাজিক ইতিহাসে দাউদের নাম অন্যান্য অনেক মহাপুরুষের চেয়ে কম পরিচিত ও কম গুরুত্বপূর্ণ। সর্বোপরি বনি-ইসরাইলদের নিরাপদ বাসস্থানের প্রতিশ্রুতিও অবাস্তবই রয়ে গিয়েছে। বিশ্বে অনেক জাতিই সমৃদ্ধি ও শান্তি অর্জন করেছে। কিন্তু বনি-ইসরাইলের ইতিহাসই অশান্তি, হত্যা, অনাচার ও নির্মমতার ইতিহাস। এখনো পর্যন্ত এ একটা জাতিই পৃথিবীর সকল অশান্তির কেন্দ্রবিন্দুই রয়ে গিয়েছে। আজ থেকে প্রায় ৩ হাজার  বছর আগে এ প্রতিশ্রুতি করা হলেও বাইবেল, ইতিহাস ও বর্তমান বাস্তবতা থেকে আমরা জানি যে, বিগত তিন হাজার বছর যাবৎ সর্বদাই ইহুদিরা নিজেরা অশান্তি সৃষ্টি করেছেন অথবা অন্যের নির্যাতনের মধ্যে বাস করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14295

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন